# গাজী মেডিকেল কলেজ

এ-১৯, মজিদ স্মরণী রোড
সোনাডাঙ্গা, খুলনা

## রেজুলেশন

**স্থানঃ** মাননীয় চেয়ারম্যানের সভাকক্ষ। তারিখঃ ২৬/০৭/২০১৩ইং

অদ্য ২৬/০৭/২০১৩ ইং তারিখ শুক্রবার সন্ধা ০৭:৩০ ঘটিকায় গাজী মেডিকেল কলেজের গভর্নিং বডির মাননীয় চেয়ারম্যান ডাঃ গাজী মিজানুর রহমান এর সভাপতিত্বে গভর্নিং বডির সভা চেয়ারম্যানের সভাকক্ষে অনুষ্ঠিত হয়। সভার শুরুতে চেয়ারম্যান মহোদয় উপস্থিত সকলের সহিত শুভেচ্ছা বিনিময় করেন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মনোনীত স্বাস্থ্য মন্ত্রনালয় ও ডিজি হেলথ এর প্রতিনিধিসহ উপস্থিত সকল সদস্যবৃন্দকে সার্বিক সহযোগীতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। অতঃপর সভাপতি আজকের সভায় উপস্থিত সকলকে অবহিত করেন যে, রাজশাহী বিশ্ববিদ্যালয় কর্তৃক মনোনীত গাজী মেডিকেল কলেজের গভর্নিং বডির সম্মানিত প্রতিনিধি জনাব প্রফেসর ড. আনন্দ মোহন সাহা গত ২৩/০৭/২০১৩ তারিখে খুলনা বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট মিটিংএ যোগদানের উদ্দ্যেশে খুলনায় এসেছিলেন এবং ঐ সময়ে তাহার সহিত মাননীয় চেয়ারম্যান ও গভর্নিং বডির সদস্য সচিব এর মতবিনিময় হয়। উক্ত মত বিনিময়ে আজকের সভায় অন্তর্ভূক্ত এজেন্ডা সমূহ তাহার সহিত আলোচনা হয়। উক্ত আলোচনার মধ্য দিয়ে প্রফেসর ড. আনন্দ মোহন সাহা তাহার কিছু গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন এবং এজেন্ডাভূক্ত বিষয়গুলির সহিত যদি সংখ্যাগরিষ্ট উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষন করেন, তাহলে তাহারও বিষয়গুলির সহিত কোন দ্বিমত নেই বলে মাননীয় চেয়ারম্যান মহোদয়কে অবহিত করেন।

**সভায় নিম্নলিখিত বিষয় সমূহের উপর আলোচনা এবং সিদ্ধান্ত গৃহীত হয় ঃ**

- সভায় বিগত মিটিংএ গৃহীত সিদ্ধান্ত সমূহ কে পঠন এবং চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়।
- সভায় গভর্নিং বডির সদস্য সচিব ডাঃ বঙ্গ কমল বসু গাজী মেডিকেল কলেজ এর শুরু থেকে আজ পর্যন্ত কলেজের বিভিন্ন কর্মকান্ড এবং অগ্রগতির উপর সংক্ষিপ্ত প্রতিবেদন পেশ করেন (প্রতিবেদন সংযুক্ত)।
- গাজী মেডিকেল কলেজকে বিএমডিসি কর্তৃক নিবন্ধনের জন্যে আবেদন করা হলেও অদ্যাবদি বিএমডিসি পরিদর্শনে না আসায় বিষয়টি তরান্বিত করার লক্ষ্যে অধ্যাপক ডাঃ ওবাইদুল্লাহ বাকী কে সবার পক্ষ থেকে পূর্ববর্তি মিটিংএ যে অনুরোধ জানানো হয়, প্রফেসর ডাঃ বাকী বিষয়টির ব্যাপারে সভাকে অবহিত করেন। তিনি বলেন বিষয়টি বিএমএন্ডডিসিতে প্রক্রিয়াধীন এবং বিএমএন্ডডিসির জনবল সংকটের কারনে বহুপূর্বে প্রতিষ্ঠিত হওয়া অনেক মেডিকেল কলেজই বিএমএন্ডডিসি অদ্যাবদি ভিজিট করতে পারে নাই তবে বিএমএন্ডডিসি খুবই স্বল্প সময়ের মধ্যে বিষয়গুলির ব্যবস্থা গ্রহন করবে।
- অদ্যকার সভায় ২০১৩-১৪ ইং অর্থ বছরের বাজেট প্রস্তাব আকারে উত্থাপিত হয়। উপস্থিত সকলের বিস্তারিত আলোচনা পর্যালোচনা পর সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তবে বছরের যে কোন সময় সংস্থার বিশেষ কোন প্রয়োজনে উক্ত বাজেট রিভিউ করার জন্য একটি বাজেট রিভিউ কমিটি গঠন করা হয় এবং বাজেট রিভিউ এর ব্যাপারে সর্বময় ক্ষমতা উক্ত কমিটির উপরে ন্যাস্ত করা হয়। বাজেট রিভিউ কমিটি নিম্নরূপঃ-

১। ডাঃ গাজী মিজানুর রহমান, চেয়ারম্যান, গাজী মেডিকেল কলেজ (আহবায়ক)
২। প্রফেসর ডাঃ শৈলেন্দ্রনাথ মিস্ত্রী, অধ্যক্ষ, গাজী মেডিকেল কলেজ (সদস্য)
৩। প্রফেসর ডাঃ আব্দুল্লাহ আল মাহবুব, স্বাস্থ্য মন্ত্রনালয় প্রতিনিধি (সদস্য)
৪। ডাঃ বঙ্গ কমল বসু, সদস্য সচিব, গভর্নিং বডি (সদস্য)
৫। এ্যাডঃ গোলাম রহমান, সদস্য, গভর্নিং বডি (সদস্য)

- ২০১২-১৩ ইং অর্থ বছরের আয়-ব্যায়ের হিসাব এবং এম এন ইসলাম এন্ড কোং. চার্টার্ড একাউন্টস ফার্মের অডিট রিপোর্ট পর্ষদের সচিব ডাঃ বঙ্গ কমল বসু সভায় উপস্থাপন করেন। বিগত অর্থ বছরে আর্থিক লেনদেন সমূহের উপর মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনায় উপস্থিত সকল সদস্যবৃন্দ সক্রিয় অংশ গ্রহন করেন। আর্থিক লেনদেন গুলির পর্যালোচনা শেষে উক্ত সকল লেনদেন গুলির বৈধতা সর্ব সম্মতক্রমে প্রদান করা হয়।
- সভায় গত ১৯/০৪/২০১৩ ইং তারিখে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি সম্বলিত নিয়োগবোর্ড কর্তৃক সুপারিশ করা নিয়োগ প্রাপ্ত ব্যাক্তিদের সংশ্লিষ্টপদে নিয়োগের ব্যাপারে সর্বসম্মতিক্রমে চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়।
- রাবি প্রতিনিধি ডাঃ আনন্দ মোহন সাহা গত ২৩/০৭/২০১৩ ইং তারিখে মাননীয় চেয়ারম্যান মহোদয়ের সহিত মতবিনিময়কালে গাজী মেডিকেল কলেজ হাসপাতাল এ কোন বিশেষ বিষয়ে স্পেশালাইজড সেন্টার করার ব্যাপারে প্রস্তাব পেশ করেন। উক্ত প্রস্তাব বিস্তারিত আলোচনার পর এই হাসপাতাল এ আপগ্রেটেড ল্যাপরোস্কোপিক সেন্টার স্থাপনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সেন্টার করার লক্ষ্যে ইন্টারনাল রিসোর্স সৃষ্টি করতে হাসপাতাল খরচেই চিকিৎসকদের উচ্চতর ট্রেনিং এর ব্যবস্থা করার জন্য প্রস্তাব করা হয় এবং সর্ব সম্মতি ক্রমে প্রস্তাবটি পাশ হয়।

- গাজী মেডিকেল কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ডাঃ রওশন আরা বেগম তার শারীরিক অসুস্থতার কারনে উপাধ্যক্ষের দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করেন, তবে তিনি গাইনী বিভাগের বিভাগীয় প্রধান হিসাবে দায়িত্ব পালন করবেন। তার এই আবেদনের প্রেক্ষিতে একাডেমিক কাউন্সিল (স্মারক নং- জিএমসি/অধ্য/২০১৩/১০১,তারিখঃ ২৬/০৭/২০১৩) বিসয়টিকে অনুমোদন দেয় এবং ফিজিওলজী বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ডাঃ নাসিমা আক্তার কে অতিরিক্ত দায়িত্ব হিসাবে উপাধ্যক্ষের দায়িত্ব প্রদানের ব্যাপারে সুপারিশ করেন। একাডেমিক কাউন্সিল এর সুপারিশ করা উপরোক্ত সিদ্ধান্তকে আজকের সভায় সর্ব সম্মতিক্রমে অনুমোদন প্রদান করা হয়।
- সভায় কমিউনিটি মেডিসিন বিভাগ ও সার্জারী বিভাগ কর্তৃক প্রস্তাবিত এবং গাজী মেডিকেল কলেজের একাডেমিক কাউন্সিল কর্তৃক সুপারিশিত (স্মারক নং- জিএমসি/অধ্য/২০১৩/১০১,তারিখঃ ২৬/০৭/২০১৩) ডাঃ লস্কর শওকতুজ্জামান (সহকারী অধ্যাপক, কমিউনিটি মেডিসিন) এবং ডাঃ বঙ্গ কমল বসু (সহকারী অধ্যাপক, সার্জারী) গনকে স্ব-স্ব বিভাগে সহযোগী অধ্যাপক (চলতি দায়িত্ব) পদে পদোন্নতি এবং পদায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- সভায় গাজী মেডিকেল কলেজের অফিশিয়াল জার্নালের নামকরন MEDISCOPE করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
- গাজী মেডিকেল কলেজের ২য় বর্ষের ছাত্র মোঃ সাদ্দাম হোসেন কে বিনাবেতনে অধ্যায়নের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তর থেকে সুপারিশ করা হয়। বিষয়টিকে বিশেষভাবে বিবেচনাযোগ্য হিসাবে বিবেচনা করে এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতি শ্রদ্ধাবোধের জায়গাথেকে সংশ্লিষ্ট ছাত্রকে সম্পূর্ন বিনা বেতনে অধ্যায়নের সুযোগ প্রদান করার ব্যাপারে সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক অভিনন্দন এবং ধন্যবাদ জ্ঞাপন করে অদ্য দিনের সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন।

(ডাঃ গাজী মিজানুর রহমান)
চেয়ারম্যান, গভর্নিং বডি
গাজী মেডিকেল কলেজ, খুলনা।

সম্মানিত সকল সদস্যের সদয় অবগতির জন্য রেজুলেশনের কপি প্রেরণ করা হইল।

২৮/০৭/১৩

ডাঃ বঙ্গ কমল বসু
সদস্য সচিব
গভর্ণিং বডি, গাজী মেডিকেল কলেজ, খুলনা।